

আচরন বিধি

যেখানেই গিল্ডান (Gildan) এর কর্মকান্ড রয়েছে, সেখানেই আমরা আমাদের আচরন বিধি দ্বারা পরিচালিত হই। গিল্ডান এর সকল কর্মী এবং বাণিজ্যিক অংশীদারগণের নিম্নবর্ণিত নীতিগুলো মেনে চলা প্রয়োজন।

কর্মসংস্থানগত সম্পর্ক


গিল্ডান (Gildan) এবং তার বাণিজ্যিক অংশীদারগণকে তাদের কাজ চালানো সংক্রান্ত আচরনের সাথে সংশ্লিষ্ট সমস্ত আইনী প্রয়োজনগুলো অবশ্যই সম্পূর্ণভাবে মেনে চলতে হবে এবং তাদের কর্মীদের কর্মসংস্থানগত সমস্ত নিয়ম ও শর্তাবলী গ্রহণ করবে এবং মেনে চলবে যা কর্মীদের মর্যাদা দেয় এবং কমপক্ষে জাতীয় ও আন্তর্জাতিক শ্রম ও সামাজিক সুরক্ষা আইন ও নিয়মাবলীর আওতায় তাদের অধিকার সুরক্ষিত রাখবে।



শিশু শ্রম


কর্মীগণ অবশ্যই কমপক্ষে ১৬ বছর বয়সী অথবা আবশ্যিক শিক্ষা সমাপ্ত করা বয়স অতিক্রম করেছে অথবা দেশের আইন অনুসারে কাজ করার বয়সের মধ্যে যেটি বেশি সেই বয়সী হতে হবে।

১৮ বছরের কম বয়সী কর্মীদের কোন প্রকার বিপজ্জনক কাজে নিযুক্ত করা যাবে না।



বলপূর্বক শ্রম

গিল্ডান (Gildan) এবং তার বাণিজ্যিক অংশীদারগণ বলপূর্বক শ্রমিক ব্যবহার করবে না, যার মধ্যে কারাগার শ্রম, ঠিকা শ্রম, বেগার শ্রম বা অন্য যে কোন প্রকারের বলপূর্বক শ্রম অন্তর্ভুক্ত রয়েছে।



ক্ষতিপূরণ

মজুরীর ক্ষেত্রে অবশ্যই আইন অনুসারে ন্যূনতম মজুরী অথবা এ শিল্পে চলতি মজুরীর মধ্যে যেটি অধিকতর হবে তা প্রদান করতে হবে। মজুরী এবং সকল সুবিধা প্রচলিত আইন অনুসারে প্রদান করতে হবে।

কর্মীদের নিয়মিত কাজের সপ্তাহের জন্য ক্ষতিপূরণ পাবার অধিকার রয়েছে যা তাদের প্রাথমিক চাহিদা পূরণ এবং তাদের কিছু সেচ্ছাধীন আয় প্রদানের পক্ষে পর্যাপ্ত হতে হবে।

আমরা এই ধারণাকে সমর্থন করি যে, যেখানে ক্ষতিপূরণ কর্মীদের প্রাথমিক চাহিদা এবং কিছু সেচ্ছাধীন আয় প্রদান করে না সেখানে নিয়োগকর্তাদের একটি সন্তোষজনক মজুরীর লেভেল এ পৌঁছাতে অবশ্যই উপযুক্ত উপায় গ্রহণ করা প্রয়োজন।



কাজের সময় / অতিরিক্ত সময়

কর্মীদের কোন মতেই প্রতি সপ্তাহে মোট ৬০ ঘণ্টা অথবা দেশের আইন অনুসারে অনুমোদিত নিয়মিত এবং অতিরিক্ত কাজের সময়ের মধ্যে যেটি কম সেই সময়ের অতিরিক্ত সময় কাজ করানো যাবে না। নিয়মিত কাজের সপ্তাহ ৪৮ ঘণ্টার অধিক হবে না।

কর্মীদের প্রতি সাত দিন সময়কালে অবশ্যই একটানা ২৪ ঘণ্টা বিশ্রাম নেয়ার সুযোগ দিতে হবে।

সমস্ত অতিরিক্ত কাজ সম্মতিসূচক হতে হবে। নিয়োগকর্তারা নিয়মিতভাবে অতিরিক্ত সময় কাজ করার অনুরোধ করতে পারবে না এবং সমস্ত অতিরিক্ত কাজের জন্য প্রিমিয়াম হারে ক্ষতিপূরণ দিতে হবে।



স্বাস্থ্য ও নিরাপত্তা

গিল্ডান (Gildan) ও তার বাণিজ্যিক অংশীদারগণ একটি সুরক্ষিত এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ প্রদানের জন্য সমস্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে যাতে করে কাজের সাথে জড়িত বা কাজ করা সময় বা নিয়োগকর্তার কর্মক্ষেত্রে এবং অন্য কোন স্থানে কাজের ফলস্বরূপ দুর্ঘটনা এবং দুর্ঘটনাজনিত অসুস্থতা প্রতিরোধ করা যায়।



পরিবেশ

গিল্ডান (Gildan) এবং তার বাণিজ্যিক অংশীদারগণ পরিবেশের উপর কাজের ক্ষেত্রের প্রভাব কমাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। এক্ষেত্রে তারা দেশের পরিবেশ সংক্রান্ত নিয়মাবলী ও আইন মেনে চলবে।



ফ্রিডম অফ অ্যাসোসিয়েশন এন্ড কালেকটিভ বার্গেনিং (জোট ও যৌথ চুক্তির ব্যাপারে স্বাধীনতা)

গিল্ডান (Gildan) এবং তার বাণিজ্যিক অংশীদারগণ জোট ও যৌথ চুক্তির ব্যাপারে স্বাধীনতার বিষয়ে কর্মীদের অধিকার এবং মর্যাদাকে স্বীকৃতি দিবে।



হয়রানি বা অপব্যবহার

গিল্ডান (Gildan) এবং তার বাণিজ্যিক অংশীদারগণ প্রতিটি কর্মীর প্রতি সম্মান দেখাবে এবং মর্যাদা দিবে। কোন কর্মীকে শারীরিক, যৌন, মানসিক বা মৌখিক হয়রানি বা অপব্যবহার করবে না।



অভিযোগ সংক্রান্ত পদ্ধতি

কর্মীদের অভিযোগ দায়ের করতে অনুমতি দেয়া হয় যা এক বিধিবদ্ধ পদ্ধতিতে দায়ের করতে হবে যাতে করে কর্মীদের গোপনীয়তা সুরক্ষিত রাখা যায় এবং তাদের উপর প্রতিশোধ নেয়া থেকে বিরত রাখা যায়।



বৈষম্য

কর্মীদের কাজের ক্ষেত্রে কোন রকমের বৈষম্যমূলক আচরন করা যাবে না, যার মধ্যে রয়েছে লিঙ্গগত কারণে, গর্ভবতী হবার কারণে, জাতি, ধর্ম, বয়স, প্রতিবন্ধকতা, চেহারাগত কারণে, যৌন স্থিতিবিন্যাস, নাগরিকত্ব, রাজনৈতিক মতাদর্শ বা সামাজিক বা জাতিগত উৎস প্রভৃতির উপর ভিত্তি করে নিয়োগ প্রদান, ক্ষতিপূরণ দেয়া, অগ্রগতি, শৃঙ্খলা, বহিষ্কার এবং অবসর গ্রহণ করানো।



নথিপত্র এবং প্রদর্শন

গিল্ডান (Gildan) এবং তার বাণিজ্যিক অংশীদারগণ এই বিধি এবং প্রযোজ্য আইন প্রনয়ন করবে এবং বৈধকরণের ভিত্তিতে তার অনুমতি দেবে। এই আচরন বিধি প্রকাশ করতে হবে কর্মীর নিজের ভাষাতে এবং তা কর্মীদের জানাতে হবে। এই আচরনবিধি মেনে নথিপত্র প্রদর্শন করার প্রয়োজন হতে পারে এবং এই নথি গিল্ডান বা এর নির্ধারিত পরীক্ষকদের পরিদর্শনের জন্য প্রস্তুত রাখতে হবে।

